

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।

ডিএফআইএম সার্কুলার নম্বর-১০

তারিখঃ ২০ অক্টোবর, ২০১৫
০৫ কার্তিক, ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঘূর্ণায়মান ঋণ (Revolving Loan) প্রদান প্রসঙ্গে

বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ হিসাব বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান মাসিক কিস্তিতে সুদ ও মেয়াদান্তে আসল টাকা পরিশোধের শর্তে এক বছর মেয়াদী ঘূর্ণায়মান ঋণ প্রদান করে আসছে। মেয়াদান্তে এ ঋণ নবায়নযোগ্য- ঋণ অনুমোদন পত্রে এরূপ শর্ত আরোপ করা থাকে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অন-সাইট ও অফ-সাইট সুপারভিশনে পরিলক্ষিত হয়েছে যে, মেয়াদান্তে বকেয়া স্থিতি সমন্বয় না হওয়া সত্ত্বেও এ ঋণ হিসাবকে নিয়মিত দেখিয়ে তা নবায়ন করা হচ্ছে। অধিকন্তু, কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠান ঋণ আদায়ে ব্যর্থ হয়ে মেয়াদান্তে বকেয়া স্থিতিকে নতুন ঋণসীমা গণ্য করে পরবর্তী মেয়াদের জন্য তা নবায়ন করছে। প্রকৃতপক্ষে এসব ঋণ হিসাব গুণগত মানে বিরূপ শ্রেণীযোগ্য হলেও সেগুলোকে নিয়মিত দেখানো হচ্ছে। ফলে একদিকে যেমন ঋণ ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে তেমনি প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতাও বিঘ্নিত হচ্ছে। এছাড়া আর্থিক প্রতিবেদনে শ্রেণীবিন্যাসিত ঋণের সঠিক চিত্র প্রতিফলিত হচ্ছে না। সার্বিকভাবে ঋণ মঞ্জুর ও নবায়ন প্রক্রিয়ায় অস্বচ্ছতার কারণে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্রমান্বয়ে অধিকতর ঝুঁকির সম্মুখীন হচ্ছে।

এমতাবস্থায়, শ্রেণীবিন্যাসিত ঋণের সঠিক তথ্যের প্রতিফলন নিশ্চিতকরণ এবং আদায় ঝুঁকি হ্রাসকল্পে মেয়াদোত্তীর্ণ ঋণ অনাদায়ী থাকা অবস্থায় ঘূর্ণায়মান ঋণ হিসাব নবায়ন করা যাবে না।

এতদ্বারা **ডিএফআইএম সার্কুলার নং-০২**, তারিখ: জুলাই ০২, ২০১৪ রহিত করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮